দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 05 JUL 2007
পৃষ্ঠা ২৬ কলাম ২

28

# এইচএসসি পরীক্ষার খাতা কেলেংকারির অভিযোগে শিক্ষকসহ আটক ৩ ॥ ৪৫০টি খাতা উদ্ধার

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

এইচএসসি পরীক্ষার খাতা কেলেংকারির ঘটনায় জড়িত থাকার অভিযোগে গোয়েন্দা পুলিশ বুধবার ঢাকা জেলার দোহার জয়পাড়া ডিগ্রী কলেজের এক শিক্ষকসহ ৩ জনকে আটক ও ৪৫০টি এইচএসসি পরীক্ষার খাতা উদ্ধার করেছে।

দোহার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়াজ মাহমুদ জানান, একটি সংঘবদ্ধ জালিয়াতচক্র বিভিন্ন বোর্ডের এইচএসসিতে অকৃতকার্য পরীক্ষার্থীদের পরীক্ষায় পাস করানোর আশ্বাস দিয়ে লাখ লাখ টাকা হাতিয়ে নিয়েছে। এ চক্র পরীক্ষার খাতা ফটোকপি করে দালাল দিয়ে বিভিন্ন স্থানের ছাত্র-ছাত্রীদের সাথে যোগাযোগ স্থাপন করে জালিয়াতি করে আসছিল। গোপন সংবাদের ভিত্তিতে রাজশাহী ডিবি পুলিশ খাতা কেলেংকারির সাথে জড়িত থাকার অপরাধে কুড়িগ্রাম জেলার রৌমারী মহিলা কলেজের প্রভাষক আব্দুস সামাদ, শিক্ষক মাওলানা আবদুর রহিম ও গোলাম আজম বকুলকে গ্রেফতার করে। গ্রেফতারকৃতদের স্বীকারোক্তি মতে রাজশাহী ডিবি পুলিশ ঢাকা জেলা পুলিশের সহায়তায় (১৫শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## এইচএসসি পরীক্ষার

(১৬শ পৃঃ পর)

জয়পাড়া ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক অপূর্ব বিশ্বাস, কেরানী জহিরুল ইসলাম ও পিয়ন নজিলকে গ্রেফতার করে। তাদের কাছ থেকে পুলিশ এইচএসসি ২০০৭ সালের ৪শ ফাইনাল পরীক্ষার খাতার ফটোকপি ও ৫০টি মূল খাতা উদ্ধার করে।

অভিযানের নেতৃত্বদাতা রাজশাহী ডিবি পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ সাইফুল ইসলাম বলেন, সংঘবদ্ধ এই জালিয়াতচক্রটি প্রথমে অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের চিহ্নিত করে। পরে দালালের মাধ্যমে মোটা অংকের অর্থ দাবি করা হতো পরীক্ষায় পাস করানোর নামে। ঢাকা ও রাজশাহী বোর্ডের কতিপয় অসাধু কর্মচারী ও কর্মকর্তা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এই জালিয়াতির সাথে জড়িত বলে তিনি জানান।